



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ

কার্যালয়ঃ ৩৪৬/২, ঢোলাদিয়া রোড, কাঠগোলা বাজার, ময়মনসিংহ
ফোন : ০৯১-৬৩৩৩৩, E-mail : chairmanbisemym@gmail.com,
www.mymensingheducationboard.gov.bd

স্মারক নং: ময়শিবো/প্রশা:/০২/২৫/১৮/৩৮৭

তারিখ: ২৮/৬/২০২০খ্রিঃ

সতর্কীকরণ বিজ্ঞপ্তি


বিষয়ঃ বিধি বহির্ভূতভাবে কতিপয় শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক বিভিন্ন উপায়ে ২০২০-২০২১ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণীতে অনলাইনে কিংবা ম্যানুয়াল ভর্তি প্রচার-প্রচারণার বিজ্ঞপ্তি বন্ধকরণ সম্পর্কিত সতর্কীকরণ বিজ্ঞপ্তি।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষার্থী ও অভিভাবকদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কেবল বাংলাদেশ আন্তঃশিক্ষা বোর্ড নিজস্ব অনলাইনে যথাযথ প্রক্রিয়ার মাধ্যমে একাদশ শ্রেণীতে শিক্ষার্থী ভর্তির কার্যক্রম সম্পন্ন করে থাকে।

১. যে সকল শিক্ষা প্রতিষ্ঠান নিজস্ব অনলাইনে ভর্তির বিজ্ঞপ্তি প্রচার করেছে তা ভর্তির নীতিমালা ২০২০-২০২১ এর পরিপন্থী। অবিলম্বে এ ধরনের ভর্তির বিজ্ঞপ্তি ও প্রচার-প্রচারণা বন্ধের নির্দেশ দেয়া হলো।

২. এছাড়া সংশ্লিষ্ট শিক্ষার্থী, অভিভাবক এবং অন্যান্য সকলের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ আন্তঃশিক্ষা বোর্ডের ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি (নির্দেশনা) ব্যতীত বিধি বহির্ভূত যে সকল শিক্ষার্থী কোন প্রতিষ্ঠানে ভর্তি হবে তাদের রেজিস্ট্রেশন এবং পরবর্তীতে বোর্ড পরীক্ষায় অংশ গ্রহণে ফরম পূরণের কোন সুযোগ নেই।

অতএব, সংশ্লিষ্ট সকলকে এ ধরনের কার্যক্রম থেকে বিরত থাকার নির্দেশ দেয়া হলো।


(প্রফেসর ড. গাজী হাসান কামাল) ২৪/৬/২০
চেয়ারম্যান

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
Email-chairmanbisemym@gmail.com

দৃষ্টি আকর্ষণ:

১. অধ্যক্ষ/প্রধান শিক্ষক/প্রধান শিক্ষক(ভারপ্রাপ্ত)
সকল উচ্চমাধ্যমিক বিদ্যালয় ও কলেজ
২. গংশ্লিষ্ট শিক্ষার্থী ও অভিভাবকবৃন্দ।
৩. অফিস কপি।
৪. গার্ড ফাইল।